# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
গবেষণা ও পরিসংখ্যান বিভাগ।

ফোননংঃ ০২-২২৩৩৫৬১২০
০২-২২৩৩৮৯১৬৯
Email:dgmrsd@krishibank.org.bd


ডিএমডি (৩) পরিপত্র নং ০১/২০২২

তারিখ ঃ ২৯/০৯/২০২২

১। উপমহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয় (ঋণ ও অগ্রিম ও বৈদেশিক বাণিজ্য সেকশন);
২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা;
৩। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ সকল ঋণের তথ্য সিআইবি ডাটাবেইজে মাসিক ভিত্তিতে হালনাগাদকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় এর ক্রেডিট ইনফরমেশন ব্যুরোর ১৬ জানুয়ারি, ২০২২ তারিখের পত্র সিআইবি সার্কুলার লেটার নং-০১/২০২২ অনুযায়ী সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের ১(এক) টাকা ও তদুর্ধ্ব বকেয়া স্থিতিসম্পন্ন সকল ঋণের তথ্য সিআইবি ডাটাবেইজে মাসিক ভিত্তিতে হালনাগাদকরনের বাধ্যবাধকতা রয়েছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় এর ক্রেডিট ইনফরমেশন ব্যুরোর ২১ জুলাই, ২০২২ তারিখের পত্র সিআইবি সার্কুলার লেটার নং-০৩/২০২২ এ কোন ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক Upload মাসিক বকেয়া ঋণ তথ্যের কোন অংশ মিথ্যা/ ভুল পরিলক্ষিত হলে এবং তথ্য গোপন প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান , কিংবা, ক্ষেত্রমতে উক্তরূপ মিথ্যা/ভুল তথ্য দাখিলকারী কর্মকর্তা(গণ) বা তথ্য গোপনের জন্য দায়ী কর্মকর্তা(গণ)-কে নূন্যতম ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা এবং সর্বোচ্চ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা জরিমানা আরোপের বিধান রয়েছে মর্মে পুনরায় অবহিত করা হয়েছে।

০৩। সিআইবি ডাটাবেইজকৃত ঋণতথ্য হালনাগাদকরণের জন্য ওয়েব পোর্টাল চালু হওয়ার আগে শাখা কর্তৃক প্রতি মাসের ০১ থেকে ০৪ তারিখের মধ্যে হার্ডকপি সংশোধন করে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হতো। বর্তমানে গবেষণা ও পরিসংখ্যান বিভাগের ৩১/০৮/২০২২ তারিখের পত্র নং গবে ও পরি-৪৬(৫)/CIB Online/২০২২-২০২৩/১৭০ মূলে ওয়েব পোর্টাল চালু করার পর পূর্ববর্তী মাসের সর্বশেষ তারিখের ঋণতথ্যের ভিত্তিতে "পোর্টাল ব্যবহার নির্দেশিকা" অনুসরণপূর্বক ঋণতথ্য হালনাগাদ/ পরিবর্তন/ সংশোধন করার জন্য শাখা প্রতি মাসের ০১ হতে ০৮ তারিখ সময় দেয়া হয়েছে।

০৪। এমতাবস্থায়, উপরোক্ত পত্রসমূহের গুরুত্ব অনুধাবন পূর্বক প্রতি মাসের ০১ থেকে ০৮ তারিখ পর্যন্ত নির্ধারিত সময়ে শাখার ডাটাবেইজকৃত সকল ঋণের তথ্য ওয়েব পোর্টালে হালনাগাদ করার জন্য পরামর্শ দেয়া হলো। ব্যর্থতায় উদ্ভূত যে কোন পরিস্থিতির জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক আরোপিত জরিমানাসহ যে কোন শাস্তিমূলক ব্যবস্থার দায় সংশ্লিষ্ট শাখা/কার্যালয়কে এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী(গণ)-কে বহন করতে হবে। বিষয়টি স্পর্শকাতর ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত

২৯/০৯/২০২২
(সালমা বানু)
উপ-ব্যবস্থাপনা পরিচালক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা;
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা;
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক;
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক;
০৬। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক;
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক;
০৮। নথি/মহানথি।

29/09/2022
(মোহাম্মদ আহাদ খান)
উপমহাব্যবস্থাপক